প্রকাশনা সংখ্যা-১২৯
অনুক্রম-১৮

# কতিপয় বেসরকারি বস্ত্রকলের ২০১৫-১৬ হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত উৎপাদনশীলতা বিষয়ক প্রতিবেদন

**মে, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)
শিল্প মন্ত্রণালয়
৯১,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৫৪৮৭১-৩, ৯৫৬২৮৮৩
ফ্যাক্সঃ ৯৫৮৫৬২৩
www.npo.gov.bd

**মুখবন্ধ**

অন্ন, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা ও শিক্ষা এ পাঁচটি মানুষের মৌলিক চাহিদা । অন্নের পরেই বস্ত্রের চাহিদা পূরণের লক্ষ্যে মানুষ অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে। তাই বাংলাদেশের প্রেক্ষাপটে বস্ত্র শিল্পের বিকাশের গুরুত্ব অত্যধিক। দেশের ক্রমবর্ধমান জনগোষ্ঠীর চাহিদা পূরণ পূর্বক দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার প্রেক্ষাপটে এ খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির কোন বিকল্প নেই। তাই এ খাতের সার্বিক উৎপাদনশীলতা উন্নয়নে এর গুরুত্বকে কোনক্রমেই অস্বীকার করার অবকাশ নেই ।

এ প্রতিবেদনে বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ) এবং বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন (বিজিএমইএ) এর নির্ধারিত বস্ত্রকলসমূহের ২০১৫-১৬ হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত কারখানাভিত্তিক সংযোজিত মূল্য উপাত্ত, সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা, বিক্রয় হিসেবে সংযোজিত মূল্য ও অন্যান্য খরচের হার, প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত, উৎপাদনশীলতার সাথে সম্পৃক্ত শ্রম ব্যয়ের তুলনামূলক উপাত্ত, মূলধন উৎপাদনশীলতার অনুপাত ও প্রফিটিবিলিটির হার এবং এদের সাথে সংশ্লিষ্ট নির্ণায়কের পরিমাপ ও বিশ্লেষণ করা হয়েছে। উল্লেখ্য যে, এ প্রতিবেদনে কারখানাসমূহের সংক্ষিপ্ত ফলাফল ও পরিশিষ্ট সারণী দেখানো হয়েছে ।

প্রতিবেদনে প্রকাশিত তথ্যাদি ও পর্যালোচনা হতে মালিক, ব্যবস্থাপক, গবেষক, নীতি-নির্ধারকগণ ও পরিকল্পনাবিদগণ উপকৃত হবেন বলে আমার বিশ্বাস। যে সমস্ত কারখানা তথ্য সরবরাহ করে প্রতিবেদন প্রস্তুত করতে সহায়তা করেছেন, সে সকল কারখানার কর্তৃপক্ষকে এনপিও'র পক্ষ হতে জানাই আন্তরিক ধন্যবাদ। প্রতিবেদন প্রকাশনার উন্নয়নে সম্মানিত পাঠকদের যে কোন সুচিন্তিত মতামত সাদরে গ্রহণ করা হবে।

স্বাঃ

(এস.এম. আশরাফুজ্জামান)
পরিচালক (যুগ্ম-সচিব)

## প্রতিবেদন প্রস্তুত কাজে অংশগ্রহণকারীগণ



১। মোছাম্মৎ ফাতেমা বেগম : সার্বিক তত্ত্বাবধান
উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা ।



২। জনাব রিপন সাহা : প্রতিবেদন লিখন
গবেষণা কর্মকর্তা ।



৩। জনাব ফিরোজ আহমেদ : তথ্য সংগ্রহ, তথ্য বিশ্লেষণ ।
পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী ।



৪। আইরিন ফাতেমা : কম্পিউটার কম্পোজ
সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পি: অপাঃ

**ভিশন ও মিশনঃ**

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন একটি সরকারি দপ্তর। দপ্তরটির উদ্দেশ্য ও কর্ম তৎপরতা নিম্নরুপঃ-

**উদ্দেশ্যঃ**

- বৃহত্তর জনগোষ্ঠীর মধ্যে উৎপাদনশীলতাবোধ সৃষ্টি করার লক্ষ্যে উদ্যোক্তা (প্রমোটর) এর ভূমিকা পালন করা ;
- উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে যথাযথ কলাকৌশল উদ্ভাবন ও নীতিমালা প্রণয়নে সরকারকে পরামর্শ প্রদান করা ;
- জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে শিল্প কারখানা ও প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নিয়মিতভাবে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করা ;
- শিল্প কারখানা ও প্রতিষ্ঠানে উৎপাদনশীলতার গতি ধারা সমুন্নত রাখার লক্ষ্যে পরামর্শ সেবা ও কনসালটেন্সির মাধ্যমে প্রভাবক হিসাবে দায়িত্ব পালন করা ;
- উৎপাদনশীলতা বিষয়ক তথ্য সংগ্রহ, সংকলন এবং বিশ্লেষণসহ বিভিন্ন মহলে বিতরণ করার লক্ষ্যে তথ্য ভান্ডার গঠন করা ; এবং
- বাংলাদেশে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে ফোকাল পয়েন্ট এর দায়িত্ব পালন করা।

**কর্মকান্ডঃ**

- উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ ;
- শিল্প কারখানা ও সেবা প্রতিষ্ঠানে ধারাবাহিক ও পদ্ধতিগতভাবে উৎপাদনশীলতা সচেতনতা প্রচারাভিযান;
- উৎপাদনশীলতার গতি ধারা অনুসন্ধানের লক্ষ্যে ইন্টারফার্ম প্রোডাকটিভিটি ও বিজনেস ক্লিনিকের আয়োজন;
- আন্তর্জাতিক, জাতীয়, আঞ্চলিক প্ল্যান্টলেভেলে উৎপাদনশীলতা বিষয়ক সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা ইত্যাদি আয়োজন করা;
- শিল্প কারখানা ও প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা উন্নয়ন কোষ গঠনে সহায়তা প্রদান এবং
- উৎপাদনশীলতা সংক্রান্ত সমীক্ষা/জরীপ এবং কেইস ষ্টাডি পরিচালনা।



**প্রতিবেদনে ব্যবহৃত নির্ণায়ক ও সূত্রাবলী**

| | | |
|---|---|---|
| ১। উৎপাদনশীলতা | : | কোন উৎপাদনকারী/সেবা প্রতিষ্ঠান যে পরিমাণ দ্রব্য বা সেবা উৎপাদন করে থাকে ঐ পরিমাণ দ্রব্য বা সেবা উৎপাদনে যে উপকরণ ব্যয় হয় এ দুইয়ের অনুপাতকে উৎপাদনশীলতা বলা হয়, $\text{উৎপাদনশীলতা} = \frac{\text{উৎপাদন}}{\text{উপকরণ}}$ |
| ২। উৎপাদন (আউটপুট) | : | উৎপাদন বলতে উৎপাদিত দ্রব্য বা সেবাকে বুঝায়। প্রতিবেদনে সংযোজিত মূল্যকে উৎপাদন (আউটপুট) হিসাবে ধরা হয়েছে। |
| ৩। সংযোজিত মূল্য | : | বিক্রয়+অন্যান্য আয়+মজুদ পরিবর্তন - মোট ব্যয় (শিল্প ও অ-শিল্পজনিত ব্যয়)। |
| ৪। মজুদ পরিবর্তন | : | সমাপনি মজুদ-প্রারম্ভিক মজুদ। |
| ৫। শিল্পজনিত ব্যয় | : | উৎপাদন প্রক্রিয়ায় সরাসরি ব্যবহৃত কাঁচামাল ও জ্বালানী ব্যয়। |
| ৬। অ-শিল্পজনিত ব্যয় | : | মুদ্রণ, মনোহরী, ডাক ও তার, ব্যাংকিং চার্জ, বীমা, পরামর্শক ব্যয়, হিসাব-নিকাশ ও নিরীক্ষা ব্যয় ইত্যাদি। |
| ৭। মোট ব্যয় | : | শিল্পজনিত ব্যয়+অ-শিল্পজনিত ব্যয়। |
| ৮। শ্রম উপকরণ | : | মোট জনশক্তি/শ্রম ব্যয় বৃহৎ অর্থে সকল কর্মকর্তা/কর্মচারীর বেতন, মজুরী ও ভাতাদি বাবদ ব্যয়। |
| ৯। শ্রম উৎপাদনশীলতা | : | $\frac{\text{সংযোজিত মূল্য}}{\text{মোট জনশক্তি}}$ |
| ১০। সংযোজিত মূল্যের মার্জিন | : | $\frac{\text{সংযোজিত মূল্য}}{\text{বিক্রয়}} \times ১০০$ মোট বিক্রয় মূল্যে সংযোজিত মূল্যের পরিমাণের শতকরা হার বুঝানো হয়েছে। |
| ১১। জনপ্রতি বিক্রয় | : | $\frac{\text{বিক্রয়}}{\text{মোট জনশক্তি}}$ জনপ্রতি বিক্রয়ের পরিমাণ কত তা বুঝানো হয়েছে। |
| ১২। প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় | : | $\frac{\text{সংযোজিত মূল্য}}{\text{শ্রম ব্যয়}}$ |

| | | |
|---|---|---|
| ১৩। | গড় শ্রম ব্যয় | : $\frac{\text{শ্রম ব্যয়}}{\text{মোট জনশক্তি}}$ |
| ১৪। | মূলধন উৎপাদনশীলতা | : $\frac{\text{সংযোজিত মূল্য}}{\text{স্থায়ী সম্পদ}}$ |
| ১৫। | প্রফিটিবিলিটি অনুপাত | : $\frac{\text{অপারেটিং প্রফিট}}{\text{স্থায়ী মূলধন}} \times ১০০$ |
| ১৬। | অপারেটিং প্রফিট মার্জিন | : $\frac{\text{অপারেটিং প্রফিট}}{\text{বিক্রয়}} \times ১০০$ |
| ১৭। | মূলধন ঘনত্ব | : $\frac{\text{স্থায়ী সম্পদ}}{\text{জনশক্তি}}$ |
| ১৮। | অপারেটিং প্রফিট | : সংযোজিত মূল্য-(বেতন ও ভাতাদি+অবচয়) |



**সূচীপত্র**

পৃষ্ঠা

১।	ভূমিকা	....	.... ১
২।	উদ্দেশ্যাবলী	....	.... ১
৩।	সমীক্ষা পদ্ধতি	....	.... ১
৪।	সংক্ষিপ্ত ফলাফল	....	... (২-৪)
৫।	সুপারিশ	....	..... ৫

**৬।	অট্টো স্পিনিং মিলস লিমিটেড**

| | | | |
|---|---|---|---|
| (ক) | প্রতিষ্ঠান পরিচিতি | | .... ৬ |
| (খ) | সারণী-১ | সংযোজিত মূল্যের উপাত্ত | .... ৬ |
| (গ) | ফিগার-১.০ | শ্রম উৎপাদনশীলতার অনুপাত | .... ৭ |
| (ঘ) | সারণী-২ | শ্রম উৎপাদনশীলতার অনুপাত | .... ৭ |
| (ঙ) | সারণী-৩ | বিক্রয় হিসেবে সংযোজিত মূল্য ও অন্যান্য খরচের হার | .... ৮ |
| (চ) | ফিগার-১.১ | প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত | .... ৮ |
| (ছ) | সারণী-৪ | প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত | .... ৯ |
| (জ) | সারণী-৫ | উৎপাদনশীলতার সহিত সম্পৃক্ত ব্যয়ের তুলনামূলক উপাত্ত | .... ৯ |
| (ঝ) | ফিগার-১.২ | মূলধন উৎপাদনশীলতার অনুপাত | .... ১০ |
| (ঞ) | সারণী-৬ | মূলধন উৎপাদনশীলতার অনুপাত | .... ১০ |
| (ট) | ফিগার-১.৩ | প্রফিটিবিলিটি অনুপাত | .... ১১ |
| (ঠ) | সারণী-৭ | প্রফিটিবিলিটি | .... ১১ |

**৭।	ফকির অ্যাপারেলস লিমিটেড**

| | | | |
|---|---|---|---|
| (ক) | প্রতিষ্ঠান পরিচিতি | | .... ১২ |
| (খ) | সারণী-১ | সংযোজিত মূল্যের উপাত্ত | .... ১২ |
| (গ) | ফিগার-১.০ | শ্রম উৎপাদনশীলতার অনুপাত | .... ১৩ |
| (ঘ) | সারণী-২ | শ্রম উৎপাদনশীলতার অনুপাত | .... ১৩ |
| (ঙ) | সারণী-৩ | বিক্রয় হিসেবে সংযোজিত মূল্য ও অন্যান্য খরচের হার | .... ১৪ |
| (চ) | ফিগার-১.১ | প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত | .... ১৪ |
| (ছ) | সারণী-৪ | প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত | .... ১৫ |
| (জ) | সারণী-৫ | উৎপাদনশীলতার সহিত সম্পৃক্ত ব্যয়ের তুলনামূলক উপাত্ত | .... ১৫ |
| (ঝ) | ফিগার-১.২ | মূলধন উৎপাদনশীলতার অনুপাত | .... ১৬ |
| (ঞ) | সারণী-৬ | মূলধন উৎপাদনশীলতার অনুপাত | .... ১৬ |
| (ট) | ফিগার-১.৩ | প্রফিটিবিলিটি অনুপাত | .... ১৭ |
| (ঠ) | সারণী-৭ | প্রফিটিবিলিটি | .... ১৭ |

**৬ ।	আলহাজ্ব টেক্সটাইল মিলস লিঃ**

| | | | |
|---|---|---|---|
| (ক) | প্রতিষ্ঠান পরিচিতি | | .... ১৮ |
| (খ) | সারণী-১ | সংযোজিত মূল্যের উপাত্ত | .... ১৮ |
| (গ) | ফিগার-১.০ | শ্রম উৎপাদনশীলতার অনুপাত | .....১৯ |
| (ঘ) | সারণী-২ | শ্রম উৎপাদনশীলতার অনুপাত | .....১৯ |
| (ঙ) | সারণী-৩ | বিক্রয় হিসেবে সংযোজিত মূল্য ও অন্যান্য খরচের হার | .....২০ |
| (চ) | ফিগার-১.১ | প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত | .....২০ |
| (ছ) | সারণী-৪ | প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত | .....২১ |
| (জ) | সারণী-৫ | উৎপাদনশীলতার সহিত সম্পৃক্ত ব্যয়ের তুলনামূলক উপাত্ত | ,....২১ |
| (ঝ) | ফিগার-১.২ | মূলধন উৎপাদনশীলতার অনুপাত | .....২২ |
| (ঞ) | সারণী-৬ | মূলধন উৎপাদনশীলতার অনুপাত | .... ২২ |
| (ট) | ফিগার-১.৩ | প্রফিটিবিলিটি অনুপাত | .....২৩ |
| (ঠ) | সারণী-৭ | প্রফিটিবিলিটি | .....২৩ |

| | | | |
|---|---|---|---|
| ৭। | প্রতিবেদনাধীন প্রতিষ্ঠানসমূহের নাম ও ঠিকানা | **পরিশিষ্ট - ক** | .... ২৪ |
| ৮। | জাতীয় উৎপাদনশীলতা পরিষদ | **পরিশিষ্ট - খ** | .... (২৫-২৬) |
| ৯। | জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটি | **পরিশিষ্ট - গ** | .... ২৭ |
| ১০। | **বস্ত্র ও ফিনান্সিয়াল ইন্টারমিডিয়েশন** সেক্টরের উপদেষ্টা কমিটি | **পরিশিষ্ট - ঘ** | .... ২৮ |
| ১১। | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পেশাজীবি ব্যক্তিবর্গ | **পরিশিষ্ট - ঙ** | .... ২৯ |

ভূমিকাঃ

দেশের অর্থনৈতিক উন্নয়নে শিল্পায়নই হচ্ছে মূল চাবিকাঠি। বিভিন্ন শিল্পের মধ্যে বস্ত্র শিল্পের গুরুত্ব অপরিসীম। কেননা মানব জীবনের মৌলিক চাহিদারগুলোর মধ্যে অন্নের পরেই বস্ত্রের স্থান। তাছাড়া বস্ত্র শিল্পের সংগে দেশের আপামর জনগোষ্ঠী অঙ্গাঅঙ্গীভাবে জড়িত এবং প্রযুক্তিগত দিক দিয়ে বস্ত্র শিল্প শ্রম নিবিড়। কাজেই এই শিল্পের উন্নয়নের মাধ্যমে ক্রমবর্ধমান বেকার সমস্যা সমাধানের প্রচেষ্টা অর্থনীতিতে ফলপ্রসু ভূমিকা পালন করতে পারে।

প্রাচ্যের বিভিন্ন দেশে শিল্পায়নের প্রথম সোপান হিসেবে কাজ করছে বস্ত্র শিল্প। আমাদের প্রতিবেশী দেশ ভারতের শিল্পায়নেও বস্ত্র শিল্পই অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশের শিল্পায়নের পথিকৃৎ হিসাবে বস্ত্র শিল্প অবদান রেখে আসছে । স্থানীয়ভাবে বস্ত্রের চাহিদা পূরণের পাশাপাশি এ দেশের বস্ত্র শিল্পে রয়েছে সুপ্রাচীন ঐতিহ্য।

বাংলাদেশের শিল্পায়নের পূর্ণবিকাশে বস্ত্র শিল্পের উন্নয়ন অপরিহার্য। এ বিকাশকে সুনিশ্চিত করতে হলে উৎপাদনশীলতা বৃদ্ধি করা একান্ত প্রয়োজন । বস্ত্র শিল্প খাতে সকল বস্ত্র শিল্পসমূহে উৎপাদনশীলতা উন্নয়ন কর্মকান্ডের চর্চা অব্যাহত রাখা দরকার । এর জন্য প্রয়োজন ধারাবাহিক ও পদ্ধতিগতভাবে উৎপাদনশীলতা পরিমাপ ও তথ্যভিত্তিক বিশ্লেষণ । কারণ উৎপাদনশীলতার সাথে সম্পর্কযুক্ত বিভিন্ন দিক বিশ্লেষণের মাধ্যমে একটা প্রতিষ্ঠানের প্রকৃত অবস্থা জানা সম্ভব এবং বাস্তব অবস্থা জেনে সে অনুযায়ী উৎপাদনশীলতা উন্নয়নের সঠিক পদক্ষেপ নেয়া সম্ভব । তাই বর্তমান সমীক্ষায়  বাংলাদেশ বস্ত্র শিল্প কর্পোরেশন ও বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফেকচারিং এক্সপোর্টার্স এসোসিয়েশনের আওতাধীন কয়েকটি মিলের উৎপাদনশীলতা পরিমাপ সম্পর্কযুক্ত বিষয়ের উপর একটি পর্যালোচনা উপস্থাপন করার প্রয়াস নেয়া হয়েছে।

উদ্দেশ্যাবলীঃ

১। এ প্রতিবেদনে প্রতিষ্ঠানে নিয়োজিত মোট জনশক্তির জনপ্রতি শ্রম দ্বারা প্রতিষ্ঠানের কতটুকু সংযোজিত মূল্য সৃষ্টি হয়েছে তা পর্যালোচনা ও বিশ্লেষণ করা;
২। প্রতিষ্ঠানের টাকা প্রতি বিক্রয় অনুপাতে সংযোজিত মূল্য কত তার শতকরা হার পর্যালোচনা ও বিশ্লেষণ করা;
৩। প্রতিষ্ঠানের জনপ্রতি বিক্রয়ের পরিমান কতটুকু হয়েছে তা পর্যালোচনা ও বিশ্লেষণ করা;
৪। প্রতিষ্ঠানের গড়ে প্রতিটি কর্মচারীর জন্য কত ব্যয় হয়েছে তা পর্যালোচনা ও বিশ্লেষণ করা;
৫। প্রতিষ্ঠানের নির্দিষ্ট পরিমান সংযোজিত মূল্য সৃষ্টি করতে কত টাকা শ্রমিক/কর্মচারীর বেতন ও মজুরী বাবদ কত ব্যয় হয়েছে তা পর্যালোচনা ও বিশ্লেষণ করা;
৬। প্রতিষ্ঠানের স্থায়ী মূলধন ব্যবহারের ফলে কতটুকু সংযোজিত মূল্য সৃষ্টি হয়েছে তা পর্যালোচনা ও বিশ্লেষণ করা;

সমীক্ষা পদ্ধতিঃ

প্রাথমিকভাবে বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন  এবং বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফেকচারিং এক্সপোর্টার্স এসোসিয়েশন এর নিয়ন্ত্রণাধীন বস্ত্রকলসমূহের উপাত্ত সংগ্রহের জন্য ডাকযোগে প্রশ্নমালা প্রেরণ করা হয়। যে সকল বস্ত্রকল হতে নির্দিষ্ট সময়ের মধ্যে তথ্য পাওয়া যায়নি সেখানে তাগিদপত্র দেওয়া হয়। তারপরও পূরণকৃত প্রশ্নমালা পাওয়া যায়নি। পরবর্তীতে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানে প্রশ্নমালা প্রেরণ করা হয় এবং ব্যক্তিগতভাবে যোগাযোগ করা হয়। এসব উদ্যোগের ফলশ্রুতিতে আলহাজ্ব টেক্সটাইল মিলস্ হতে ১টি, ফকির এ্যাপারেলস ১টি এবং অট্টো স্পিনিং মিলস লিমিটেড ১টি মোট ৩টি পূরণকৃত প্রশ্নমালা পাওয়া যায়। প্রাপ্ত ৩টি প্রতিষ্ঠানের তথ্যের ভিত্তিতে এ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে ।

**সংক্ষিপ্ত ফলাফলঃ**


এ প্রতিবেদনে ২০১৫-১৬ সাল হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত সমীক্ষাধীন বস্ত্র কলসমূহের মিল ভিত্তিক শ্রম উৎপাদনশীলতা, সংযোজিত মূল্যের মার্জিন, জন প্রতি বিক্রয়, প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়, গড় শ্রম ব্যয়, মূলধন উৎপাদনশীলতা, প্রফিটিবিলিটি, অপারেটিং প্রফিট মার্জিন ও মূলধন টার্ণওভার বিশ্লেষণের মাধ্যমে মিলের সফলতা ও দুর্বলতার দিকসমূহ তুলে ধরা হয়েছে। তাছাড়াও প্রতিবেদনাধীন সময়ে BTMA ও BKMEA এর সদস্যভূক্ত বস্ত্র কল গুলোর বছর ভিত্তিক গড় শ্রম উৎপাদনশীলতার প্রবণতা, গড় মূলধন উৎপাদনশীলতার প্রবণতা, শ্রমিক কর্মচারীদের প্রদেয় বেতন ও মজুরীর প্রবনতা ও নিয়োজিত জনশক্তির প্রবণতা সারাংশ সারণী ও চিত্রের মাধ্যমে উপস্থাপন করা হলো।

ক) প্রতিবেদনাধীন BTMA ও BKMEA এর সদস্যভূক্ত ৩টি বস্ত্রকল সমূহের ২০১৫-১৬ অর্থ বছরকে ভিত্তি বছর বিবেচনা করে ২০১৬-১৭ হতে ২০১৭-১৮ অর্থবছরের গড় শ্রম উৎপাদনশীলতার প্রবণতার তুলনা করলে দেখা যায় যে শ্রম উৎপাদনশীলতা ২০১৬-১৭ হতে ২০১৭-১৮ সাল পর্যন্ত প্রত্যেক বছরেই হ্রাস পেয়েছে অর্থাৎ শ্রম উৎপাদনশীলতা হ্রাসের প্রবণতা অব্যাহত থাকলে এক সময় প্রতিষ্ঠান সমূহ বন্ধ হয়ে যেতে পারে। এ থেকে উত্তোরণের জন্য কারখানায় নিয়োজিত জনবলকে প্রশিক্ষিত করা এবং বাজার সার্ভের মাধ্যমে বাজার সৃষ্টি করা আবশ্যক।

সারাংশ সারণী-১
প্রতিবেদনাধীন BTMA ও BKMEA এর প্রতিষ্ঠান সমূহের সংযোজিত মূল্যে
শ্রম উৎপাদনশীলতার প্রবনতা
ভিত্তি বছর ২০১৫-১৬=১০০

| মালিকানা | বছর | নিয়োজিত জনশক্তি (সংখ্যা) | সংযোজিতমূল্য (লক্ষ টাকা) | শ্রম উৎপাদনশীলতা | শ্রম উৎপাদনশীলতার প্রবনতা |
|---|---|---|---|---|---|
| বেসরকারী | ২০১৫-১৬ | ১২০৬২ | ৩৬৮৪৩.৩৬ | ৩.০৫ | ১০০.০০ |
| | ২০১৬-১৭ | ১১৮৩৫ | ৭১১৯৮.৬২ | ৬.০১ | ১৯৭.০৫ |
| | ২০১৭-১৮ | ১১৭৬২ | ৩২৫৩০.৭২ | ২.৭৬ | ৯০.৪৯ |

প্রতিবেদনাধীন BTMA ও BKMEA এর প্রতিষ্ঠান সমূহের সংযোজিত মূল্যে
শ্রম উৎপাদনশীলতার প্রবনতার চিত্রঃ
ভিত্তি বছর ২০১৫-১৬=১০০




খ) প্রতিবেদনাধীন BTMA ও BKMEA এর ৩ টি প্রতিষ্ঠান সমূহের বস্ত্রকলের ২০১৫-১৬ অর্থ বছরকে ভিত্তি বছর বিবেচনা করে ২০১৬-১৭ হতে ২০১৭-১৮ অর্থ বছরের মূলধন উৎপাদনশীলতার প্রবণতার তুলনা করলে দেখা যায় যে মূলধন উৎপাদনশীলতা ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে মূলধন উৎপাদনশীলতা উর্ধ্বমূখী ছিল এবং পরবর্তী অর্থ বছর ২০১৭-১৮ সালে মূলধন উৎপাদনশীলতার প্রবণতা অধিক মাত্রায় নিম্নমূখী ছিল । এ থেকে উত্তোরণের জন্য মূলধনের যথাযথ ব্যবহার নিশ্চিত পূর্বক মূলধন উৎপাদনশীলতা বৃদ্ধি করা যেতে পারে ।

সারাংশ সারণী-২
প্রতিবেদনাধীন BTMA ও BKMEA এর প্রতিষ্ঠান সমূহের সংযোজিত মূল্যে মূলধন উৎপাদনশীলতার প্রবনতা
ভিত্তি বছর ২০১৫-১৬=১০০

| মালিকানা | বছর | স্থায়ী সম্পত্তি (লক্ষ টাকা) | সংযোজিতমূল্য (লক্ষ টাকা) | মূলধন উৎপাদনশীলতা | মূলধন উৎপাদনশীলতার প্রবনতা |
|---|---|---|---|---|---|
| বেসরকারী | ২০১৫-১৬ | ৪২০৯৩.৮৩ | ৩৬৮৪৩.৩৬ | ০.৮৭ | ১০০.০০ |
| | ২০১৬-১৭ | ৪৩৯৭১.৭ | ৭১১৯৮.৬২ | ১.৬২ | ১৮৬.২০ |
| | ২০১৭-১৮ | ৪৭৯৪২.১৪ | ৩২৫৩০.৭২ | ০.৬৮ | ৭৮.১৬ |

প্রতিবেদনাধীন BTMA ও BKMEA এর প্রতিষ্ঠান সমূহের সংযোজিত মূল্যে মূলধন উৎপাদনশীলতার প্রবনতার চিত্র
ভিত্তি বছর ২০১৫-১৬=১০০




গ) তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, প্রতিবেদনাধীন BTMA ও BKMEA এর ৩ টি প্রতিষ্ঠান সমূহের সমূহের ২০১৫-১৬ অর্থ বছরকে ভিত্তি বছর বিবেচনা করে ২০১৬-১৭ হতে ২০১৭-১৮ অর্থবছরের তুলনা করলে দেখা যায় যে প্রদেয় বেতন ও মজুরী বৃদ্ধির প্রবনতা ২০১৬-১৭ হতে ২০১৭-১৭ সাল পর্যন্ত প্রত্যেক বছরেই বৃদ্ধি পাচ্ছে । অপর দিকে ৩টি বস্ত্রকলে নিয়োজিত জনশক্তির পরিমান ক্রমান্বয়ে হ্রাস পেয়েছে ।


সারাংশ সারণী-৩

প্রতিবেদনাধীন BTMA ও BKMEA এর ৩ টি প্রতিষ্ঠান সমূহের সমূহের প্রদেয় বেতন ও মজুরী , নিয়োজিত জনশক্তির প্রবনতা

ভিত্তি বছর ২০১৫-১৬=১০০

| মালিকানা | বছর | নিয়োজিত জনশক্তি (সংখ্যা) | প্রদেয় বেতন ও মজুরী(লক্ষ টাকা) | নিয়োজিত জনশক্তির প্রবনতা | প্রদেয় বেতন ও মজুরীর প্রবনতা |
|---|---|---|---|---|---|
| বেসরকারী | ২০১৫-১৬ | ১২০৬২ | ২৭৬১.৭৪ | ১০০ | ১০০.০০ |
| | ২০১৬-১৭ | ১১৮৩৫ | ২২৭৮.৪৪ | ৯৮.১২ | ৮২.৫০ |
| | ২০১৭-১৮ | ১১৭৬২ | ২৮২০.৫৩ | ১০২.১৩ | ১০২.১৩ |



**সুপারিশঃ**

১। বাংলাদেশের সরকারি/বেসরকারি বস্ত্রকলসমূহের আওতাধীন প্রতিবেদনাধীন ৩টি বস্ত্রকলসমূহের অপ্রয়োজনীয় ব্যয় হ্রাস পূর্বক বস্ত্র কলে নিয়োজিত শ্রম শক্তির সুষ্ঠু ব্যবহার ও যথাসময়ে পণ্য বাজারজাত করণের মাধ্যমে সংযোজিত মূল্য বৃদ্ধি করতে হবে ।

২। সংযোজিত মূল্য বৃদ্ধির মাধ্যমে প্রতিবেদনাধীন বস্ত্রকলে অপারেটিং প্রফিট বৃদ্ধি করতে হবে ।

৩। সংযোজিত মূল্য বৃদ্ধির মাধ্যমে প্রতিযোগিতা মূলক শ্রম ব্যয় বৃদ্ধি করা আবশ্যক ।

৪। এ লক্ষ্যে ধারাবাহিকভাবে উৎপাদনশীলতা পরিমাপ করে উৎপাদনশীলতা উন্নয়নে বাধা সমূহ চিহ্নিত পূর্বক প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

৫। সুপরিকল্পিত উৎপাদনশীলতা উন্নয়ন কার্যক্রম পরিচালনার জন্য সকল কারখানা ও শিল্প প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা উন্নয়ন কোষ গঠন করতে হবে। এ কোষের কর্মসূচি নিম্নরুপ  হতে পারেঃ

(ক) মাসিক ও বাৎসরিক ভিত্তিতে উৎপাদনশীলতা পরিমাপ করা ;

(খ) উৎপাদনশীলতা উন্নয়নের বাঁধাসমূহ চিহ্নিতকরণ এবং দূরীকরণের ব্যবস্থা গ্রহণ  করা ;

(গ) উৎপাদনশীলতা কর্মসূচী গ্রহণ বা বাস্তবায়নের জন্য মাসিক সভার আয়োজন করা ;

(ঘ) কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের মধ্যে উৎপাদনশীলতা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিতভাবে প্রশিক্ষণ, কর্মশালা ও আলোচনা সভা আয়োজন করা ;

(ঙ) উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে শ্রমিক কর্মচারী সু-সম্পর্কের ধারা অব্যাহত রাখা ;

(চ) কাঁচামাল, জ্বালানী ও জনশক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ ;

(ছ) যন্ত্রপাতির উৎপাদন ক্ষমতা সর্বোচ্চ মান নিশ্চিত করণ ;

(জ) উৎপাদিত পণ্য বা সেবার সর্বোচ্চ মান নিশ্চিত করা ; এবং

(ঝ) উৎপাদন ব্যয় সর্বনিম্ন পর্যায়ে হ্রাসকরণ নিশ্চিত করা ।

## অট্টো স্পিনিং লিমিটেড

**প্রতিষ্ঠান পরিচিতিঃ**

অট্টো স্পিনিং লিমিটেড বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন এর একটি অন্যতম প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানটি ১৯৯৫ সালে স্থাপিত হয় এবং ১৯৯৯ সালে উৎপাদন কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠানটি তালিহাট্টি, শীপুর, গাজীপুর এ অবস্থিত। প্রতিষ্ঠানটির উৎপাদিত দ্রব্যের নাম ইয়ার্ন এবং অপচিত দ্রব্যের নাম ওয়াস্ট কটন। প্রতিষ্ঠানটির ২০১৭-১৮ সালে মোট স্থায়ী সম্পত্তির মূল্য ছিল ২২৯১৬.০৫ লক্ষ টাকা এবং প্রতিষ্ঠানে নিয়োজিত জনবল ১৩৯২ জন। প্রতিষ্ঠানটির সরবরাহকৃত তথ্য অনুযায়ী জানা যায় যে, ২০১৭-১৮ অর্থ বছরে ২০৫.১১ লক্ষ টাকা কর হিসেবে সরকারী কোষাগারে জমা দিয়েছে।





**সারণী-১**

**সংযোজিত মূল্যে উপাত্ত**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| বিক্রয় ও অন্যান্য আয় (লক্ষ টাকায়) | ২৩৪৬৪.৯৯ | ২৪৯৫৭.৩ | ২৯৬৭২.৬৯ |
| কাঁচামাল ও অন্যান্য খরচ (লক্ষ টাকায়) | ১৮১০৭.৩৯ | ১৮৯৫৯.৯ | ২৩৪১৫.৫৫ |
| সংযোজিত মূল্য (লক্ষ টাকায়) | ৫৩৫৭.৬ | ৫৯৯৭.৪ | ৬২৫৭.১৪ |


**সারণী-১** এ অট্টো স্পিনিং লিমিটেড এর সংযোজিত মূল্য নিরুপণ করা হয়েছে। অর্থ বছর ২০১৫-১৬ সালকে ভিত্তি বছর ধরে সমীক্ষাধীন অন্যান্য বছরের সাথে তুলনা করা হয়েছে। এ সারণীর তথ্যসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে সংযোজিত মূল্য ১১.৯৪% এবং ২০১৭-১৮ সালে ১৬.৭৯% বৃদ্ধি পেয়েছে। ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে কাঁচামাল ও অন্যান্য খরচ ৪.৭১% এবং ২০১৭-১৮ সালে ২৯.৩১% বৃদ্ধি পেয়েছে । আবার বিক্রয় ও অন্যান্য আয়ের ক্ষেত্রে ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ ও ২০১৭-১৮ সালে বৃদ্ধি পেয়েছে যথাক্রমে ৬.৩৬% ও ২৬.৪৫% ।

**সংযোজিত মূল্য বৃদ্ধির কারণ:**

ভিত্তি বছর ২০১৪-১৫ সালের তুলনায় ২০১৫-১৬ ও ২০১৬-১৭ সালে সংযোজিত মূল্য বৃদ্ধির অন্যতম কারণ বিক্রয়ের তুলনায় মোট খরচ আনুপাতিক হারে কম ছিল। প্রতিষ্ঠানটি এ ধারা অব্যাহত রাখতে পারলে সংযোজিত মূল্য ধীরে ধীরে উর্দ্ধোমূখী হবে।

**ফিগারঃ ১.০**

**শ্রম উৎপাদনশীলতার অনুপাত**




শ্রম উৎপাদনশীলতা অনুপাত (ফিগারঃ ১.০)

**ফাইন্ডিংসঃ**

শ্রম উৎপাদনশীলতা অথবা জনপ্রতি সংযোজিত মূল্য দ্বারা শ্রমিক সংখ্যা অনুপাতে শিল্প প্রতিষ্ঠানের সম্পদ সৃষ্টির সামর্থ্যকে বুঝায় । এটি উৎপাদনশীলতা পরিমাপের একটি পদ্ধতি । এটি প্রতিষ্ঠানের সংযোজিত মূল্যের মার্জিন এবং জনপ্রতি বিক্রয় দ্বারা প্রভাবিত যা ফিগার ১.০ এ দেখানো হয়েছে । সারণী-২ এ প্রতিষ্ঠানের শ্রম উৎপাদনশীলতার হার দেখানো হয়েছে এবং প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে শ্রম উৎপাদনশীলতার অনুপাত বিশ্লেষণ করা হয়েছে ।

**সারণী-২**

**শ্রম উৎপাদনশীলতা অনুপাত**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| শ্রমিক (সংখ্যা) | ১২৩৫ | ১২৫৪ | ১৩৯২ |
| সংযোজিত মূল্য ব্যয় / মোট জনশক্তি (লক্ষ টাকায়) | ৪.৩৪ | ৪.৭৮ | ৪.৫০ |
| সংযোজিত মূল্য / বিক্রয় (সার্ভিস চার্জ) (%) | ২২.৮৩% | ২৪.০৩% | ২১.০৯% |
| বিক্রয় / মোট জনশক্তি (লক্ষ টাকায়) | ১৯.০০ | ১৯.৯০ | ২১.৩২ |

**সারণী-২** এ অট্টো স্পিনিং লিমিটেড এর শ্রম উৎপাদনশীলতা অনুপাত দেখানো হয়েছে । ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় পরবর্তী বৎসর মূল্যে শ্রম উৎপাদনশীলতা ১০.১৪% এবং ২০১৭-১৮ সালে ৩.৬৯% বৃদ্ধি পেয়েছে । অপরদিকে সারনী পর্যালোচনা করলে দেখা যায় যে, সংযোজিত মূল্যের মার্জিন ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১.২% বাড়লেও ২০১৭-১৮ সালে ১.৭৪% হ্রাস পেয়েছে । পক্ষান্তরে জনপ্রতি বিক্রয় ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৪.৭৪% এবং ২০১৭-১৮ সালে ১২.২১% বৃদ্ধি পেয়েছে ।

**সারণী-৩**


**বিক্রয় (সার্ভিস চার্জ) হিসেবে সংযোজিত মূল্য এবং কাঁচামাল বিদ্যুৎ ও অন্যান্য খরচের হার**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| কাঁচামাল | ৭৩.৩০% | ৭১.৯০% | ৭৫.২০% |
| বিদ্যুৎ ও জ্বালানী ব্যয় | ৩.২২% | ৩.৪২% | ৩.১৭% |
| অ-শিল্পজনিত ব্যয় | ০.৬৪% | ০.৬৫% | ০.৫৫% |
| মোট ব্যয় | ৭৭.১৭% | ৭৫.৯৭% | ৭৮.৯১% |
| সংযোজিত মূল্য | ২২.৮৩% | ২৪.০৩% | ২১.০৯% |
| বিক্রয় | ১০০.০০% | ১০০.০০% | ১০০.০০% |

অট্টো স্পিনিং লিমিটেড এর বিক্রয় হিসেবে সংযোজিত মূল্য এবং কাঁচামাল, বিদ্যুৎ ও অন্যান্য খরচের হারের বিশ্লেষণে কাঁচামাল খাতে ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১.৪% হ্রাস পেয়েছে এবং ২০১৭-১৮ সালে ১.৯% বৃদ্ধি পেয়েছে। বিদ্যুৎ ও জ্বালানী ব্যয় খাতে ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ বৃদ্ধি এবং ২০১৭-১৮ সালে ০.০৫% হ্রাস পেয়েছে। অ-শিল্পজনিত ব্যয় ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ০.০১% বৃদ্ধি এবং ২০১৭-১৮ সালে ০.০৯% হ্রাস পেয়েছে। মোট ব্যয়ের ক্ষেত্রে লক্ষ্য করা যায় যে, ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ সালে যথাক্রমে ১.২% হ্রাস এবং ১.৭৪% বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে বিক্রয় হিসেবে সংযোজিত মূল্য ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১.২% বৃদ্ধি এবং ২০১৭-১৮ সালে ১.৭৪% হ্রাস পেয়েছে ।

**ফিগারঃ ১.১**

**প্রতিযোগিতমূলক শ্রম ব্যয়ের অনুপাত**




প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত (ফিগারঃ ১.১)

**ফাইন্ডিংসঃ**

প্রতিযোগিতমূলক শ্রম ব্যয়ের অনুপাত বলতে সংযোজিত মূল্য ও মোট জনশক্তির বেতনের অনুপাতকে বুঝায়। অর্থাৎ প্রতিযোগিতামূলকভাবে নিম্ন বেতন অথবা শ্রমিকের দক্ষতা ও নৈপুন্যতার অনুপাতে বেতন । শ্রম উৎপাদনশীলতা এবং শ্রমিকের গড় বেতন ফিগার ১.১ এর মাধ্যমে বিশ্লেষণ করা হয়েছে এবং প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত সারণী-৪ এ দেখানো হয়েছে।

**সারণী-৪**
**প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত**
**(প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| শ্রম ব্যয় (লক্ষ টাকায়) | ১১৭১.৩৫ | ১২৩৭.০০ | ১৩৬১.৫৭ |
| সংযোজিত মূল্য / শ্রম ব্যয় | ৪.৫৭ | ৪.৮৫ | ৪.৬০ |
| সংযোজিত মূল্য / মোট জনশক্তি (লক্ষ টাকায়) | ৪.৩৪ | ৪.৭৮ | ৪.৫০ |
| শ্রম ব্যয় / মোট জনশক্তি (লক্ষ টাকায়) | ০.৯৫ | ০.৯৯ | ০.৯৮ |


প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত সারণী বিশ্লেষণে দেখা যায়, প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৬.১৩% এবং ২০১৭-১৮ সালে ০.৬৭% বৃদ্ধি পেয়েছে । প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত বৃদ্ধি পাওয়ার কারণ হিসেবে চিহ্নিত করা যায় যে, ভিত্তি বছরের তুলনায় সমীক্ষাধীন অন্যান্য বছরে শ্রম উৎপাদনশীলতা বৃদ্ধি পেয়েছে। অপরদিকে গড় শ্রম ব্যয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ ও ২০১৭-১৮ সালে যথাক্রমে ৪.২১% ও ৩.১৬% বৃদ্ধি পেয়েছে।

**সারণী-৫**
**শ্রম উৎপাদনশীলতার সহিত সম্পৃক্ত শ্রম ব্যয়ের তুলনামূলক উপাত্ত**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| শ্রম ব্যয় / শ্রমিক সংখ্যা (লক্ষ টাকায়) | ০.৯৫ | ০.৯৯ | ০.৯৮ |
| সংযোজিত মূল্য / শ্রম ব্যয় | ৪.৫৭ | ৪.৮৫ | ৪.৬০ |
| শ্রম ব্যয় / সংযোজিত মূল্য % | ২১.৮৬% | ২০.৬৩% | ২১.৭৬% |

অট্টো স্পিনিং লিমিটেড সারণী বিশ্লেষণে এ উৎপাদনশীলতার সাথে সম্পৃক্ত শ্রম ব্যয়ের তুলনামূলক উপাত্ত বিশ্লেষণে দেখা যায় যে, গড় শ্রম ব্যয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ ও ২০১৭-১৮ সালে যথাক্রমে ৪.২১% ও ৩.১৬% বৃদ্ধি পেয়েছে । পক্ষান্তরে প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৬.১৩% এবং ২০১৭-১৮ সালে ০.৬৭% বৃদ্ধি পেয়েছে । এ সারণীর তথ্যসমূহের সার্বিক বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, জনপ্রতি শ্রম ব্যয় এবং প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় প্রত্যেক বছর উর্ধ্বমূখী ছিল।

**ফিগারঃ ১.২**
**মূলধন উৎপাদনশীলতা অনুপাত**




মূলধন উৎপাদনশীলতা অনুপাত (ফিগার-১.২)

**ফাইন্ডিংসঃ**


মূলধন উৎপাদনশীলতা অনুপাত বলতে স্থায়ী মূলধনের ব্যবহারের মাত্রাকে বুঝায় । এর নৈপুন্যতা নির্ভর করে শ্রম উৎপাদনশীলতা এবং স্থায়ী মূলধনের ইনটেনসিটির উপর, যা ফিগার ১.২ এ দেখানো হয়েছে যা মূলধন উৎপাদনশীলতা তথ্য সারণী-৬ এ দেখানো হয়েছে ।

**সারণী-৬**
**মূলধন উৎপাদনশীলতার অনুপাত (প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| স্থায়ী মূলধন (লক্ষ টাকায়) | ২০২৭৫.৩৪ | ২১১৬৩.০৯ | ২২৯১৬.০৫ |
| সংযোজিত মূল্য / স্থায়ী মূলধন % | ০.২৬% | ০.২৮% | ০.২৭% |
| সংযোজিত মূল্য / মোট জনশক্তি (লক্ষ টাকায়) | ৪.৩৪ | ৪.৭৮ | ৪.৫০ |
| স্থায়ী মূলধন / মোট জনশক্তি (লক্ষ টাকায়) | ১৬.৪২ | ১৬.৮৮ | ১৬.৪৬ |

সারণী-৬ এ মূলধন উৎপাদনশীলতার অনুপাত বিশ্লেষণে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ ও ২০১৭-১৮ সালে হ্রাস পেয়েছে যথাক্রমে ০.০২% ও ০.০১% । শ্রম উৎপাদনশীলতার ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ ও ২০১৭-১৮ সালে বৃদ্ধি পেয়েছে যথাক্রমে ১০.১৪% ও ৩.৬৯% ।সমীক্ষাধীন সময়ে প্রতিষ্ঠানটির মূলধন উৎপাদনশীলতা ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ ও ২০১৭-১৮ সালে যথাক্রমে ২.৮০% ও ০.২৪% বৃদ্ধি পেয়েছে । সংযোজিত মূল্য বৃদ্ধির মাধ্যমে এ অবস্থার আর ও পরিবর্তন হতে পারে।

**ফিগারঃ ১.৩**
**প্রফিটিবিলিটি অনুপাত**




প্রফিটিবিলিটি অনুপাত (ফিগারঃ ১.৩)

**ফাইন্ডিংসঃ**

প্রফিটিবিলিটির অনুপাত বলতে অপারেটিং প্রফিট ও স্থায়ী মূলধনের অনুপাতকে বুঝানো হয়েছে । অনুপাত নির্দেশ করে যে, কিভাবে একটি প্রতিষ্ঠানের প্রফিটিবিলিটি মূলধন তৈরিতে সাহায্য করে । অনুপাত মূলধন টার্ণওভার এবং অপারেটিং প্রফিট মার্জিন দ্বারা প্রভাবিত, যা ফিগার ১.৩ এ দেখানো হয়েছে ।

**সারণী-৭**
**প্রফিটিবিলিটি অনুপাত (প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| অবচয় (লক্ষ টাকায়) | ৯৯৮.৩৪ | ৯৯৯.৬৬ | ১০৫৬.১৩ |
| অপারেটিং প্রফিট (লক্ষ টাকায়) | ৩১৮৭.৯১ | ৩৭৬০.৭৪ | ৩৮৩৯.৪৪ |
| অপারেটিং প্রফিট / স্থায়ী মূলধন (%) | ১৫.৭২% | ১৭.৭৭% | ১৬.৭৫% |
| অপারেটিং প্রফিট / বিক্রয় (%) | ১৩.৫৯% | ১৫.০৭% | ১২.৯৪% |
| বিক্রয় / স্থায়ী মূলধন | ১.১৬ | ১.১৮ | ১.২৯ |

সারণী-৭ এ দেখা যায় যে, অট্টো স্পিনিং লিমিটেড এর অপারেটিং প্রফিট ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ সালে ধনাত্নক ছিল । প্রফিটিবিলিটির ক্ষেত্রে দেখা যায় যে, ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ২.০৫% এবং ২০১৭-১৮ সালে ১.০৩% বৃদ্ধি পেয়েছে । অপারেটিং প্রফিট মার্জিনের ক্ষেত্রে ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১.৪৮% বৃদ্ধি এবং ২০১৭-১৮ সালে ০.৬৫% হ্রাস পেয়েছে । অপরদিকে মূলধন টার্ণওভারের ক্ষেত্রে ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ০.০২% এবং ২০১৭-১৮ সালে ০.১৩% বৃদ্ধি পেয়েছে ।

## ফকির এ্যাপারেলস লিমিটেড

### প্রতিষ্ঠান পরিচিতিঃ

ফকির এ্যাপারেলস লিমিটেড বেসরকারী মালিকানাধীন একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ১৯৯৮ সালে স্থাপিত হয়। এটি বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করে মে, ১৯৯৮ সালে। প্রতিষ্ঠানটি বিসিক, ফতুল্লা, নারায়নগঞ্জে অবস্থিত। প্রতিষ্ঠানটির উৎপাদিত তৈরি পোশাক যা ১০০% রপ্তানীযোগ্য। প্রতিষ্ঠানটির ২০১৭-১৮ সালে মোট স্থায়ী সম্পত্তির মূল্য ছিল ২৩৮৬.৫১ লক্ষ টাকা এবং প্রতিষ্ঠানে নিয়োজিত জনবল ৯৯৪৩ জন।





**সারণী-১**

**<u>সংযোজিত মূল্যে উপাত্ত</u>**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| বিক্রয় ও অন্যান্য আয় (লক্ষ টাকায়) | ৯৮৯৩৮.১৪ | ১০০১৭৬.৭৬ | ৮৭৭৬৫.৩৬ |
| কাঁচামাল ও অন্যান্য খরচ (লক্ষ টাকায়) | ৬৮৩২৯.৫৫ | ৩৫৯৩৪.৬ | ৬২৫৮৩.৬৩ |
| সংযোজিত মূল্য (লক্ষ টাকায়) | ৩০৬০৮.৫৯ | ৬৪২৪২.১৬ | ২৫১৮১.৭৩ |


সারণী-১ এ ফকির এ্যাপারেলস লিমিটেড এ সংযোজিত মূল্য নিরুপণ করা হয়েছে। ২০১৫-১৬ সালকে ভিত্তি বছর ধরে অন্যান্য বছরের সাথে তুলনা করা হয়েছে। সারণী-১ এ দেখা যায় সংযোজিত মূল্য ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১০৯.৮৮% বৃদ্ধি ও ২০১৭-১৮ সালে ১৭.৭৩% হ্রাস পেয়েছে। ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে কাঁচামাল ও অন্যান্য খরচ ৪৭.৪১% ও ২০১৭-১৮ সালে ৮.৪১% হ্রাস পেয়েছে। আবার ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে বিক্রয় ও অন্যান্য আয় ১.২৫% বৃদ্ধি ও ২০১৭-১৮ সালে বিক্রয় ও অন্যান্য আয় ১১.২৯% হ্রাস পেয়েছে। এ সারণীর তথ্যসমূহের সার্বিক বিশ্লেষণে দেখা যায় যে, ২০১৫-১৬ সাল হতে ২০১৬-১৭ সাল পর্যন্ত সংযোজিত মূল্য ক্রমান্বয়ে ওঠা-নামা এর মধ্যে নিহিত ছিল।

### সংযোজিত মূল্য হ্রাস এর কারণ ও প্রতিকারঃ

ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ ও ২০১৭-১৮ সালে সংযোজিত মূল্য হ্রাসের অন্যতম কারণ বিক্রয়ের তুলনায় মোট খরচ আনুপাতিক হারে অধিক ছিল।

এ থেকে উত্তোরণের জন্য অপচয় রোধসহ অন্যান্য খরচ কমানো এবং বিক্রয় বাড়ানোর জন্য পদক্ষেপ নেয়া যেতে পারে। শিল্প ও গবেষণার মাধ্যমে নতুন নতুন আন্তর্জাতিক বাজার সৃষ্টি করতে হবে।

**ফিগারঃ ১.০**
**শ্রম উৎপাদনশীলতার অনুপাত**




শ্রম উৎপাদনশীলতা অনুপাত (ফিগারঃ ১.০)

**ফাইন্ডিংসঃ**

শ্রম উৎপাদনশীলতা অথবা জনপ্রতি সংযোজিত মূল্য দ্বারা শ্রমিক সংখ্যা অনুপাতে শিল্প প্রতিষ্ঠানের সম্পদ সৃষ্টির সামর্থ্যকে বুঝায়। এটি উৎপাদনশীলতা পরিমাপের একটি পদ্ধতি। এটি প্রতিষ্ঠানের সংযোজিত মূল্যের মার্জিন এবং জনপ্রতি বিক্রয় দ্বারা প্রভাবিত যা ফিগার ১.০ এ দেখানো হয়েছে। সারণী-২ এ প্রতিষ্ঠানের শ্রম উৎপাদনশীলতার হার দেখানো হয়েছে এবং প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে শ্রম উৎপাদনশীলতার অনুপাত বিশ্লেষণ করা হয়েছে।

**সারণী-২**
**শ্রম উৎপাদনশীলতা অনুপাত**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| শ্রমিক (সংখ্যা) | ১০১৪৫ | ৯৯৯৯ | ৯৯৪৩ |
| সংযোজিত মূল্য ব্যয় / মোট জনশক্তি (লক্ষ টাকায়) | ৩.০২ | ৬.৪২ | ২.৫৩ |
| সংযোজিত মূল্য / বিক্রয় (সার্ভিস চার্জ) (%) | ৩০.৯৪(%) | ৬৪.১৩(%) | ২৮.৬৯(%) |
| বিক্রয় / মোট জনশক্তি (লক্ষ টাকায়) | ৯.৭৫ | ১০.০২ | ৮.৮৩ |

ফকির এ্যাপারেলস লিমিটেড এর শ্রম উৎপাদনশীলতা অনুপাত নিরপণ করা হয়েছে। সারণী-২ এ দেখা যায় যে, ভিত্তি বৎসর ২০১৫-১৬ সালের তুলনায় সংযোজিত মূল্যে শ্রম উৎপাদনশীলতা ২০১৬-১৭ সালে ১১২.৫৮% বৃদ্ধি পেলেও পরবর্তী বছর অর্থাৎ ২০১৭-১৮ সালে ১৬.২২% হ্রাস পেয়েছে। শ্রম উৎপাদনশীলতা পর্যালোচনায় দেখা যায় যে, সংযোজিত মূল্যের মার্জিন ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৩৩.১৯% বৃদ্ধি এবং ২০১৭-১৮ সালে ২.২৫% হ্রাস পেয়েছে। পক্ষান্তরে জনপ্রতি বিক্রয় ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ সালে যথাক্রমে ৮.৫০% এবং ৭.৯৪% হ্রাস পেয়েছে। সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিষ্ঠানটির অবস্থান ভালো করার জন্য জনপ্রতি বিক্রয় বাড়ানো প্রয়োজন।

**সারণী-৩**


**বিক্রয় (সার্ভিস চার্জ) হিসেবে সংযোজিত মূল্য এবং কাঁচামাল বিদ্যুৎ ও অন্যান্য খরচের হার**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| কাঁচামাল | ৬৬.৩৫% | ৩৪.৩১% | ৬৮.৩৬% |
| বিদ্যুৎ ও জ্বালানী ব্যয় | ১.৩৪% | ০.৮৩% | ১.৪৩% |
| অ-শিল্পজনিত ব্যয় | ১.৩৮% | ০.৭৩% | ১.৫২% |
| মোট ব্যয় | ৬৯.০৬% | ৩৫.৮৭% | ৭১.৩১% |
| সংযোজিত মূল্য | ৩০.৯৪% | ৬৪.১৩% | ২৮.৬৯% |
| বিক্রয় | ১০০.০০% | ১০০.০০% | ১০০.০০% |

সারণী-৩ এ ফকির এ্যাপারেলস লিমিটেড এর বিক্রয় হিসেবে সংযোজিত মূল্য এবং কাঁচামাল, বিদ্যুৎ ও অন্যান্য খরচের হার বিশ্লেষণ করা হয়েছে। ২০১৫-১৬ সালকে ভিত্তি বছর ধরে অন্যান্য বছরের সাথে তুলনা করা হয়েছে। কাঁচামাল খাতে ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৩২.০৪% কমলেও ২০১৭-১৮ সালে ২.০১% বৃদ্ধি পেয়েছে। বিদ্যুৎ ও জ্বালানী ব্যয় খাতে ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ০.৫১% হ্রাস ও ২০১৭-১৮ সালে ০.০৯% বৃদ্ধি পেয়েছে। অ-শিল্পজনিত ব্যয় ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ০.৬৫% কমলেও ২০১৭-১৮ সালে ০.১৪% বৃদ্ধি পেয়েছে। মোট ব্যয়ের ক্ষেত্রে লক্ষ্য করা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৩৩.১৯% হ্রাস ও ২০১৭-১৮ সালে ২.২৫% বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে বিক্রয় হিসেবে সংযোজিত মূল্য ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৩৩.১৯% বৃদ্ধি ও ২০১৭-১৮ সালে ২.২৫% হ্রাস পেয়েছে। সার্বিক বিবেচনায় প্রতিষ্ঠানটি ব্যয় সংকোচনপূর্বক সংযোজিত মূল্য আরও বৃদ্ধি করতে হবে।

**ফিগারঃ ১.১**

**প্রতিযোগিতমূলক শ্রম ব্যয়ের অনুপাত**




প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাতঃ (ফিগারঃ ১.১)

**ফাইন্ডিংসঃ**

প্রতিযোগিতমূলক শ্রম ব্যয়ের অনুপাত বলতে সংযোজিত মূল্য ও মোট জনশক্তির বেতনের অনুপাতকে বুঝায়। অর্থাৎ প্রতিযোগিতামূলকভাবে নিম্ন বেতন অথবা শ্রমিকের দক্ষতা ও নৈপুন্যতার অনুপাতে বেতন। শ্রম উৎপাদনশীলতা এবং শ্রমিকের গড় বেতন ফিগার ১.১ এর মাধ্যমে বিশ্লেষণ করা হয়েছে এবং প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত সারণী-৪ এ দেখানো হয়েছে।

**সারণী-৪**
**প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত**
**(প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| শ্রম ব্যয় (লক্ষ টাকায়) | ১১৮২.৫৯ | ৬৩৬.৪২ | ১১৫৬.৮৭ |
| সংযোজিত মূল্য / শ্রম ব্যয় (লক্ষ টাকায়) | ২৫.৮৮ | ১০০.৯৪ | ২১.৭৭ |
| সংযোজিত মূল্য / মোট জনশক্তি (লক্ষ টাকায়) | ৩.০২ | ৬.৪২ | ২.৫৩ |
| শ্রম ব্যয় / মোট জনশক্তি (লক্ষ টাকায়) | ০.১২ | ০.০৬ | ০.১২ |

প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত সারণী-৪ বিশ্লেষণ করলে দেখা যায়, ২০১৫-১৬ সালকে ভিত্তি বছর ধরে সমীক্ষাধীন অন্যান্য বছরের তথ্যসমূহ তুলনা করা হয়েছে। পর্যবেক্ষনে দেখা যায় যে, প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ২৯০.০৩% বাড়লেও ২০১৭-১৮ সালে ১৫.৮৮% কমাতে সক্ষম হয়েছেন। অপরদিকে গড় শ্রম ব্যয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৫০.০০% হ্রাস পেলেও পরবর্তী বছর ভিত্তি বছরের সমানুপাতিক হারে বেড়েছে।

**সারণী-৫**
**শ্রম উৎপাদনশীলতার সহিত সম্পৃক্ত শ্রম ব্যয়ের তুলনামূলক উপাত্ত**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| শ্রম ব্যয় / শ্রমিক সংখ্যা (টাকায়) | ০.১২ | ০.০৬ | ০.১২ |
| সংযোজিত মূল্য / শ্রম ব্যয় | ২৫.৮৮ | ১০০.৯৪ | ২১.৭৭ |
| শ্রম ব্যয় / সংযোজিত মূল্য (%) | ৩.৮৬% | ০.৯৯% | ৪.৫৯% |

ফকির এ্যাপারেলস লিমিটেড এ উৎপাদনশীলতার সাথে সম্পৃক্ত শ্রম ব্যয়ের তুলনামূলক উপাত্ত বিশ্লেষণে দেখা যায় যে, গড় শ্রম ব্যয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৫০.০০% হ্রাস পেলেও পরবর্তী বছর ভিত্তি বছরের সমানুপাতিক হারে বেড়েছে। পক্ষান্তরে প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ২.৮৭% হ্রাস ও ২০১৭-১৮ সালে ০.৭৩% বৃদ্ধি পেয়েছে। এ সারণীর তথ্যসমূহের সার্বিক বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, জনপ্রতি শ্রম ব্যয় প্রত্যেক বছর উর্ধ্বমূখী ছিল এবং প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় ক্রমান্বয়ে নিম্নমূখী হয়েছে।

**ফিগারঃ ১.২**
**মূলধন উৎপাদনশীলতা অনুপাত**
(মূলধন উৎপাদনশীলতা)

সংযোজিত মূল্য / মোট জনশক্তি ( শ্রম উৎপাদনশীলতা) ÷ স্থায়ী মূলধন / মোট জনশক্তি (স্থায়ী মূলধনের ইনটেনসিটি)

মূলধন উৎপাদনশীলতা অনুপাত (ফিগার-১.২)

**ফাইন্ডিংসঃ**

মূলধন উৎপাদনশীলতা অনুপাত বলতে স্থায়ী মূলধনের ব্যবহারের মাত্রাকে বুঝায়। এর নৈপুন্যতা নির্ভর করে শ্রম উৎপাদনশীলতা এবং স্থায়ী মূলধনের ইনটেনসিটির উপর, যা ফিগার ১.২ এ দেখানো হয়েছে, মূলধন উৎপাদনশীলতা তথ্য সারণী-৬ এ দেখানো হয়েছে।

**সারণী-৬**
**মূলধন উৎপাদনশীলতার অনুপাত**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| স্থায়ী মূলধন (লক্ষ টাকায়) | ২০৮২০.৩৮ | ২১৭৬৮.০৩ | ২৩৮৬৫.১৬ |
| সংযোজিত মূল্য / স্থায়ী মূলধন | ১.৪৭ | ২.৯৫ | ১.০৬ |
| সংযোজিত মূল্য / মোট জনশক্তি (লক্ষ টাকায়) | ৩.০২ | ৬.৪২ | ২.৫৩ |
| স্থায়ী মূলধন / মোট জনশক্তি (লক্ষ টাকায়) | ২.০৫ | ২.১৮ | ২.৪০ |

সারণী-৬ এ মূলধন উৎপাদনশীলতা উপাত্ত বিশ্লেষণে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১০০.৬৮% বৃদ্ধি আবার ২০১৭-১৮ সালে ২৭.৮৯% হ্রাস পেয়েছে। শ্রম উৎপাদনশীলতার ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১১২.৫৮% বৃদ্ধি পেলেও পরবর্তী বছর ২০১৭-১৮ সালে ১৬.২২% হ্রাস পেয়েছে। সমীক্ষাধীন সময়ে প্রতিষ্ঠানটির মূলধন উৎপাদনশীলতা ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে বৃদ্ধি পেয়েছে এবং পরবর্তী বছর হ্রাস পেয়েছে। স্থায়ী মূলধনের ইনটেনসিটির ক্ষেত্রে ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৬.৩৪% এবং ২০১৭-১৮ সালে ১৭.০৭% বৃদ্ধি পেয়েছে।

**ফিগারঃ ১.৩**
**প্রফিটিবিলিটি অনুপাত**
(প্রফিটিবিলিটি)

অপারেটিং প্রফিট / বিক্রয় (অপারেটিং প্রফিট মার্জিন) × বিক্রয় / স্থায়ী মূলধন (মূলধন টার্ণওভার)

প্রফিটিবিলিটি অনুপাত (ফিগারঃ ১.৩)

**ফাইন্ডিংসঃ**

প্রফিটিবিলিটির অনুপাত বলতে অপারেটিং প্রফিট এবং স্থায়ী মূলধনের অনুপাতকে বুঝানো হয়েছে।এ অনুপাত নির্দেশ করে যে, কিভাবে একটি প্রতিষ্ঠানের প্রফিটিবিলিটি মূলধন তৈরিতে সাহায্য করে । এ অনুপাত মূলধন টার্ণওভার এবং অপারেটিং প্রফিট মার্জিন দ্বারা প্রভাবিত, যা ফিগার ১.৩ এ দেখানো হয়েছে । উক্ত মিলের প্রফিটিবিলিটি অনুপাত সারণী-৭ এ দেখানো হয়েছে ।

**সারণী-৭**
**প্রফিটিবিলিটি অনুপাত**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| অবচয় (লক্ষ টাকায়) | ২২৮৭.১৪ | ১০৪৮.২৯ | ২৩৭৭.০২ |
| অপারেটিং প্রফিট (লক্ষ টাকায়) | ২৭১৩৮.৮৬ | ৬২৫৫৭.৪৫ | ২১৬৪৭.৮৪ |
| অপারেটিং প্রফিট / স্থায়ী মূলধন (%) | ১৩০.৩৫% | ২৮৭.৩৮% | ৯০.৭১% |
| অপারেটিং প্রফিট / বিক্রয় (%) | ২৭.৪৩% | ৬২.৪৫% | ২৪.৬৭% |
| বিক্রয় / স্থায়ী মূলধন | ৪.৭৫ | ৪.৬০ | ৩.৬৮ |

সারণী-৭ এ দেখা যায় যে, ফকির এ্যাপারেলস লিমিটেড এর অপারেটিং প্রফিট সমীক্ষাধীন ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ও ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ সালে ধণাত্নক ছিল । প্রফিটিবিলিটির ক্ষেত্রে ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১৫৭.০৩% বৃদ্ধি ও ২০১৭-১৮ সালে ৩৯.৬৪% হ্রাস পেয়েছে । অপরদিকে অপারেটিং প্রফিট মার্জিনের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৩৫.০২% বৃদ্ধি ও ২০১৭-১৮ সালে ২.৭৬% হ্রাস পেয়েছে । অপরদিকে মূলধন টার্ণওভার এর ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ ও ২০১৭-১৮ সালে হ্রাস পেয়েছে যথাক্রমে ৩.১৬% এবং ২২.৫৩% ।

# আলহাজ্ব টেক্সটাইল মিলস লিমিটেড

**প্রতিষ্ঠান পরিচিতঃ**

আলহাজ্ব টেক্সটাইল মিলস লিমিটেড, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন এর একটি অন্যতম প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি আই,কে, রোড, ঈশ্বরদী, পাবনাতে অবস্থিত। প্রতিষ্ঠানটি ১৯৬১ সালে স্থাপিত হয় এবং ১৯৬৩ সালে উৎপাদন কার্যক্রম শুরু করে । প্রতিষ্ঠানটির উৎপাদিত দ্রব্যের নাম সুতা এবং অপচিতি দ্রব্যের নাম বাজে তুলা । প্রতিষ্ঠানটির ২০১৭-১৮ সালে মোট স্থায়ী সম্পত্তির মূল্য ছিল ১১৬০.৯৩ লক্ষ টাকা এবং প্রতিষ্ঠানে নিয়োজিত জনবল ৩৪৫ জন । প্রতিষ্ঠানটির সরবরাহকৃত তথ্য অনুযায়ী জানা যায় যে, ২০১৭-১৮ অর্থ বছরে এ প্রতিষ্ঠানটি ১.৪০ লক্ষ টাকা কর হিসেবে সরকারি কোষাগারে জমা দিয়েছে ।





**সারণী-১**

**সংযোজিত মূল্যে উপাত্ত**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| বিক্রয় ও অন্যান্য আয় (লক্ষ টাকায়) | ৩১৫৮.৩২ | ৩৩০১.১৯ | ৩৪২২.০৭ |
| কাঁচামাল ও অন্যান্য খরচ (লক্ষ টাকায়) | ২১৯৯.২৬ | ২২০৯.৩৪ | ২৬৩৬.৫২ |
| সংযোজিত মূল্য (লক্ষ টাকায়) | ৯৫৯.০৬ | ১০৯১.৮৫ | ৭৮৫.৫৫ |

**সারণী-১** এ আলহাজ্ব টেক্সটাইল মিলস লিমিটেড এর সংযোজিত মূল্য নিরুপণ করা হয়েছে । অর্থ বছর ২০১৫-১৬ সালকে ভিত্তি বছর ধরে সমীক্ষাধীন অন্যান্য বছরের সাথে তুলনা করা হয়েছে । এ সারণীর তথ্যসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে সংযোজিত মূল্য ১৩.৮৪% বৃদ্ধি এবং ২০১৭-১৮ সালে ১৮.০৯% হ্রাস পেয়েছে । সংযোজিত মূল্যের তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, ভিত্তি বছর এর তুলনায় পরবর্তী দুই বছর হ্রাস-বৃদ্ধির মধ্যে নিহত ছিল । বাজার যাচাই করে বিক্রয় বৃদ্ধির মাধ্যমে সংযোজিত মূল্য আরও বৃদ্ধি করা যেতে পারে । বিক্রয় ও অন্যান্য আয় এর ক্ষেত্রে দেখা যায়, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ও ২০১৭-১৮ সালে বৃদ্ধি পেয়েছে যথাক্রমে ৪.৫২% ও ৮.৩৫% । ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় কাঁচামাল ও অন্যান্য খরচ ২০১৫-১৬সালে ও ২০১৬-১৭ সালে বৃদ্ধি পেয়েছে যথাক্রমে ০.৪৬% ও ১৯.৮৮% ।

**ফিগারঃ ১.০**

**শ্রম উৎপাদনশীলতার অনুপাত**

(শ্রম উৎপাদনশীলতা)

| সংযোজিত মূল্য / বিক্রয় | × | বিক্রয় / মোট জনশক্তি |
|---|---|---|
| (সংযোজিত মূল্যর মার্জিন) | | (জনপ্রতি বিক্রয়) |

শ্রম উৎপাদনশীলতা অনুপাত (ফিগারঃ ১.০)

**ফাইন্ডিংসঃ**

শ্রম উৎপাদনশীলতা অথবা জনপ্রতি সংযোজিত মূল্য দ্বারা শ্রমিক সংখ্যা অনুপাতে শিল্প প্রতিষ্ঠানের সম্পদ সৃষ্টির সামর্থ্যকে বুঝায়। এটি উৎপাদনশীলতা পরিমাপের একটি পদ্ধতি। এটি প্রতিষ্ঠানের সংযোজিত মূল্যের মার্জিন এবং জনপ্রতি বিক্রয় দ্বারা প্রভাবিত যা ফিগার ১.০ এ দেখানো হয়েছে। সারণী-২ এ প্রতিষ্ঠানের শ্রম উৎপাদনশীলতার হার দেখানো হয়েছে এবং প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে শ্রম উৎপাদনশীলতার অনুপাত বিশ্লেষণ করা হয়েছে।

**সারণী-২**

**শ্রম উৎপাদনশীলতা অনুপাত**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| শ্রমিক (সংখ্যা) | ৪৭৮ | ৩৮৮ | ৪২৭ |
| সংযোজিত মূল্য ব্যয় / মোট জনশক্তি (টাকায়) | ২০০৬৪০.১৭ | ২৮১৪০৪.৬৪ | ১৮৪০০০.০০ |
| সংযোজিত মূল্য / বিক্রয় (সার্ভিস চার্জ) (%) | ৩০.৩৭% | ৩৩.০৭% | ২২.৯৬% |
| বিক্রয় / মোট জনশক্তি (টাকায়) | ৬৬০৭৩৬.৪০ | ৮৫০৮২২.১৬ | ৮০১০০০.০০ |

আলহাজ্ব টেক্সটাইল মিলস লিমিটেড এর শ্রম উৎপাদনশীলতা অনুপাত সারণী-২ এ দেখা যায় যে, শ্রম উৎপাদনশীলতা ২০১৬-১৭ সালে ৪০.২৫% বৃদ্ধি পেলেও ২০১৭-১৮ সালে ৮.২৯% হ্রাস পেয়েছে। জনপ্রতি বিক্রয় বৃদ্ধি পেয়েছে ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ২৮.৭৭% এবং ২০১৭-১৮ সালে ২১.২৩% । ২০১৫-১৬ সালের তুলনায় সংযোজিত মূল্যের মার্জিন ২০১৬-১৭ সালে ২.৭% বাড়লেও পরবর্তী বছর ৭.৪১% হ্রাস পেয়েছে।


**সারণী-৩**
**বিক্রয় (সার্ভিস চার্জ) হিসেবে সংযোজিত মূল্য এবং কাঁচামাল বিদ্যুৎ ও অন্যান্য খরচের হার**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| কাঁচামাল | ৫৮.৮৪% | ৫৯.৭৮% | ৬৫.৯৩% |
| বিদ্যুৎ ও জ্বালানী ব্যয় | ৪.৭২% | ১.৩৬% | ৬.৭২% |
| অ-শিল্পজনিত ব্যয় | ৬.০৭% | ৫.৭৮% | ৪.৯৩% |
| মোট ব্যয় | ৬৯.৬৩% | ৬৬.৯৩% | ৭৭.০৪% |
| সংযোজিত মূল্য | ৩০.৩৭% | ৩৩.০৭% | ২২.৯৬% |
| বিক্রয় | ১০০.০০% | ১০০.০০% | ১০০.০০% |

সারণী-৩ এ আলহাজ্ব টেক্সটাইল মিলস লিঃ এর বিক্রয় হিসেবে সংযোজিত মূল্য এবং কাঁচামাল, বিদ্যুৎ ও অন্যান্য খরচের হার বিশ্লেষণ করা হয়েছে। ২০১৫-১৬ সালকে ভিত্তি বছর ধরে অন্যান্য বছরের সাথে তুলনা করা হয়েছে।

সারণী-৩ এ দেখা যায় যে, কাঁচামালের ক্ষেত্রে ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ ও ২০১৭-১৮ সালে বৃদ্ধি পেয়েছে যথাক্রমে ০.৯৪% ও ৭.০৯%। বিদ্যুৎ ও জ্বালানীর ক্ষেত্রে ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৩.৩৬% হ্রাস পেয়েছে এবং ২০১৭-১৮ সালে ২.০০% বৃদ্ধি পেয়েছে। অ-শিল্পজনিত ব্যয়ের ক্ষেত্রে ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ ও ২০১৭-১৮ সালে হ্রাস পেয়েছে যথাক্রমে ০.২৯% ও ১.১৪%। ফলে মোট ব্যয়ের ক্ষেত্রে ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ২.৭% কমাতে সক্ষম হলেও ২০১৭-১৮ সালে ৭.৪১% বেড়েছে।

**ফিগারঃ ১.১**
**প্রতিযোগিতমূলক শ্রম ব্যয়ের অনুপাত**




প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত (ফিগারঃ ১.১)

**ফাইন্ডিংসঃ**

প্রতিযোগিতমূলক শ্রম ব্যয়ের অনুপাত বলতে সংযোজিত মূল্য ও মোট জনশক্তির বেতনের অনুপাতকে বুঝায়। অর্থাৎ প্রতিযোগিতামূলকভাবে নিম্ন বেতন অথবা শ্রমিকের দক্ষতা ও নৈপুন্যতার অনুপাতে বেতন। শ্রম উৎপাদনশীলতা এবং শ্রমিকের গড় বেতন ফিগার ১.১ এর মাধ্যমে বিশ্লেষণ করা হয়েছে এবং প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত সারণী-৪ এ দেখানো হয়েছে।

## সারণী-৪

### প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| শ্রম ব্যয় (লক্ষ টাকায়) | ৩৫২.২২ | ২৮৫.২৩ | ৩০২.৯০ |
| সংযোজিত মূল্য / শ্রম ব্যয় | ২.৭২ | ৩.৮৩ | ২.৫৯ |
| সংযোজিত মূল্য / মোট জনশক্তি (টাকায়) | ২০০৬৪০.১৭ | ২৮১৪০৪.৬৪ | ১৮৪০০০.০০ |
| শ্রম ব্যয় / মোট জনশক্তি (টাকায়) | ৭৩৬৮৬.১৯ | ৭৩৫১২.৮৯ | ৭১০০০.০০ |

প্রতিযোগিতামূলক শ্রম ব্যয়ের অনুপাত সারণী-৪ বিশ্লেষণে দেখা যায়, প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১৬.৬১% বৃদ্ধি ২০১৭-১৮ সালে ৪.৭৮% হ্রাস পেয়েছে। অপরদিকে শ্রম উৎপাদনশীলতা ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৪০.২৫% বৃদ্ধি পেলেও ২০১৭-১৮ সালে ৮.২৯% হ্রাস পেয়েছে। অপরদিকে গড় শ্রম ব্যয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ সালে হ্রাস পেয়েছে যথাক্রমে ০.২৩% ও ৩.৬৪% ।

## সারণী-৫

### শ্রম উৎপাদনশীলতার সহিত সম্পৃক্ত শ্রম ব্যয়ের তুলনামূলক উপাত্ত

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| শ্রম ব্যয় / শ্রমিক সংখ্যা (টাকায়) | ৭৩৬৮৬.১৯ | ৭৩৫১২.৮৯ | ৭১০০০.০০ |
| সংযোজিত মূল্য / শ্রম ব্যয় | ২.৭২ | ৩.৮৩ | ২.৫৯ |
| শ্রম ব্যয় / সংযোজিত মূল্য (%) | ৩৬.৭৩% | ২৬.১২% | ৩৮.৫৬% |

আলহাজ্ব টেক্সটাইল মিলস লিমিটেড সারণী-৫ এ উৎপাদনশীলতার সাথে সম্পৃক্ত শ্রম ব্যয়ের তুলনামূলক উপাত্ত বিশ্লেষণে দেখা যায় যে, গড় শ্রম ব্যয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ সালে হ্রাস পেয়েছে যথাক্রমে ০.২৩% ও ৩.৬৪% । পক্ষান্তরে প্রতিযোগিতামূলক শ্রম ব্যয় ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ১৬.৬১% বৃদ্ধি ২০১৭-১৮ সালে ৪.৭৮% হ্রাস পেয়েছে । সারণীর তথ্যসমূহের সার্বিক বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, শ্রম ব্যয় বৃদ্ধির তুলনায় সংযোজিত মূল্য কম ছিল । প্রতিষ্ঠানকে ভালভাবে চালাতে গেলে গড় শ্রম ব্যয়ের তুলনায় সংযোজিত মূল্যের পরিমান বৃদ্ধি করা আবশ্যক ।

**ফিগারঃ ১.২**
**মূলধন উৎপাদনশীলতা অনুপাত**
(মূলধন উৎপাদনশীলতা)

সংযোজিত মূল্য / মোট জনশক্তি (শ্রম উৎপাদনশীলতা) ÷ স্থায়ী মূলধন / মোট জনশক্তি (স্থায়ী মূলধনের ইনটেনসিটি)

মূলধন উৎপাদনশীলতা অনুপাত (ফিগার-১.২)

**ফাইন্ডিংসঃ**

মূলধন উৎপাদনশীলতা অনুপাত বলতে স্থায়ী মূলধনের ব্যবহারের মাত্রাকে বুঝায় । এর নৈপুন্যতা নির্ভর করে শ্রম উৎপাদনশীলতা এবং স্থায়ী মূলধনের ইনটেনসিটির উপর, যা ফিগার ১.২ এ দেখানো হয়েছে, মূলধন উৎপাদনশীলতা তথ্য সারণী-৬ এ দেখানো হয়েছে ।

**সারণী-৬**
**মূলধন উৎপাদনশীলতার অনুপাত (প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| স্থায়ী মূলধন (লক্ষ টাকায়) | ৯৯৮.১১ | ১০৪০.৫৮ | ১১৬০.৯৩ |
| সংযোজিত মূল্য / স্থায়ী মূলধন | ০.৯৬ | ১.০৫ | ০.৬৮ |
| সংযোজিত মূল্য / মোট জনশক্তি (টাকায়) | ২০০৬৪০.১৭ | ২৮১৪০৪.৬৪ | ১৮৪০০০.০০ |
| স্থায়ী মূলধন / মোট জনশক্তি (টাকায়) | ২০৮৮০৯.৬২ | ২৬৮১৯০.৭২ | ২৭২০০০.০০ |

সারণী-৬ এ মূলধন উৎপাদনশীলতা উপাত্ত বিশ্লেষণে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৯.৩৭% বৃদ্ধি ও ২০১৭-১৮ সালে ২৯.১৬% হ্রাস পেয়েছে । অপরদিকে শ্রম উৎপাদনশীলতা ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৪০.২৫% বৃদ্ধি পেলেও ২০১৭-১৮ সালে ৮.২৯% হ্রাস পেয়েছে । স্থায়ী মূলধনের ইনটেনসিটির ক্ষেত্রে ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ ও ২০১৭-১৮ সালে বৃদ্ধি পেয়েছে যথাক্রমে ২৮.৪৪% ও ৩০.২৬% ।

**ফিগারঃ ১.৩**

**প্রফিটিবিলিটি অনুপাত**

(প্রফিটিবিলিটি)

অপারেটিং প্রফিট / বিক্রয় (অপারেটিং প্রফিট মার্জিন) × বিক্রয় / স্থায়ী মূলধন (মূলধন টার্ণওভার)

প্রফিটিবিলিটি অনুপাত (ফিগারঃ ১.৩)

**ফাইন্ডিংসঃ**

প্রফিটিবিলিটির অনুপাত বলতে অপারেটিং প্রফিট ও স্থায়ী মূলধনের অনুপাতকে বুঝানো হয়েছে। এ অনুপাত নির্দেশ করে যে, কিভাবে একটি প্রতিষ্ঠানের প্রফিটিবিলিটি মূলধন তৈরিতে সাহায্য করে। এ অনুপাত মূলধন টার্ণওভার এবং অপারেটিং প্রফিট মার্জিন দ্বারা প্রভাবিত, যা ফিগার ১.৩ এ দেখানো হয়েছে।

**সারণী-৭**

**প্রফিটিবিলিটি অনুপাত**

| বৎসর | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| অবচয় (লক্ষ টাকায়) | ৯৯৯.৬৬ | ১০৫৬.১৩ | ১৫১.০৯ |
| অপারেটিং প্রফিট (লক্ষ টাকায়) | (২২১৯.২৫) | ৬৪৬.২৩ | ৩৩১.৫৬ |
| অপারেটিং প্রফিট / স্থায়ী মূলধন (%) | -২২২.৩৫% | ৬২.১০% | ২৮.৫৬% |
| অপারেটিং প্রফিট / বিক্রয় (%) | -৭০.২৭% | ১৯.৫৮ | ৯.৬৯% |
| বিক্রয় / স্থায়ী মূলধন | ৩.১৬ | ৩.১৭ | ২.৯৫ |

সারণী-৭ এ দেখা যায় যে, আলহাজ্ব টেক্সটাইল মিলস লিমিটেড এর অপারেটিং প্রফিট সমীক্ষাধীন ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে এবং ২০১৭-১৮ সালে ধনাত্নক অবস্থা পরিলক্ষিত হয়। প্রফিটিবিলিটির ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ২৮৪.৪৫.% এবং ২০১৭-১৮ সালে ২৫০.৯১% বৃদ্ধি পেয়েছে। অপরদিকে অপারেটিং প্রফিট মার্জিনের ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ৮৯.৮৫% এবং ২০১৬-১৭ সালে ৭৯.৯৬% বৃদ্ধি পেয়েছে। অপরদিকে মূলধন টার্ণওভার এর ক্ষেত্রে দেখা যায় যে, ভিত্তি বছর ২০১৫-১৬ সালের তুলনায় ২০১৬-১৭ সালে ০.৩১% বাড়লেও পরবর্তী বছর ২০১৭-১৮ সালে ৬.৬৫% কমেছে।

**পরিশিষ্ট** - 'ক'

**প্রতিবেদনাধীন প্রতিষ্ঠান সমূহের নাম ও ঠিকানাঃ**

১। অট্টো স্পিনিং মিলস লিঃ
সেনা কল্যান ভবন (৭ম তলা)
১৯৫ মতিঝিল শি/এ, ঢাকা-১০০০ ।

২। ফকির অ্যাপারেলস লিঃ
বিসিক শিল্প এলাকা, এনায়েতনগর
ফতুল্লা, নারায়নগঞ্জ ।

৩। আলহাজ্ব টেক্সটাইলস মিলস লিঃ
৬৬, দিলকুশা (৫ম তলা), ঢাকা।

**পরিশিষ্ট - 'খ'**

## জাতীয় উৎপাদনশীলতা পরিষদ

| | | |
|---|---|---|
| ০১। | শিল্প মন্ত্রনালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী | সভাপতি |
| ০২। | সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ০৩। | সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, শিল্প মন্ত্রণালয় ৯১, মতিঝিল বা/এ, ঢাকা। | সদস্য |
| ০৪। | সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা। | সদস্য |
| ০৫। | সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ০৬। | সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । | সদস্য |
| ০৭। | সচিব,সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । | সদস্য |
| ০৮। | সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়,বাংলাদেশ, সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ০৯। | সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ১০। | সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ১১। | সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, তথ্য মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ১২। | সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়। | সদস্য |
| ১৩। | সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । | সদস্য |
| ১৪। | ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, রয়েল টাওয়ার ৪, পান্থপথ, ঢাকা-১২১৫। | সদস্য |
| ১৫। | উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা। | সদস্য |
| ১৬। | উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। | সদস্য |
| ১৭। | এক্সিকিউটিভ চেয়ারম্যান, বেপজা কমপ্লেক্স, হাউজ নং-১৯/ডি, রোড নং-৬, ধানমন্ডি, ঢাকা। | সদস্য |
| ১৮। | সভাপতি,বাংলাদেশ অর্থনীতি সমিতি, ৪/সি ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০। | সদস্য |
| ১৯। | সভাপতি, ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউশন অব বাংলাদেশ, রমনা, ঢাকা। | সদস্য |

| | | |
|---|---|---|
| ২০। | সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, নাভানা উসমান লিংক (লেবেল-৪), বীর উত্তম মীর শওকত এভিনিউ, তেজঁগাও গুলশান লিং রোড,ঢাকা-১২০৮। | সদস্য |
| ২১। | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা। | সদস্য |
| ২২। | সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, চেম্বার বিল্ডিং, ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা। | সদস্য |
| ২৩। | সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা । | সদস্য |
| ২৪। | সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাষ্ট্রি, বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা। | সদস্য |
| ২৫। | সভাপতি, বাংলাদেশ পাটকল সমিতি,আদমজীকোর্ট (৪র্থ তলা)মতিঝিল বা/এ, ঢাকা। | সদস্য |
| ২৬। | সভাপতি, বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন, ৫৫/এ, পুরানা পল্টন, ঢাকা। | সদস্য |
| ২৭। | সভাপতি, বাংলাদেশ বস্ত্রকল সমিতি, ইউনিক ট্রেড সেন্টার, লেভেল-৮, ৮- পান্থপথ, ঢাকা। | সদস্য |
| ২৮। | সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব), মেজবাহ উদ্দিন প্লাজা, ৯১, নিউ সার্কুলার রোড, ঢাকা। | সদস্য |
| ২৯। | সভাপতি,বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন, বিজিএমইএ কমপেক্স, ৭/৭এ, সেক্টর-১৭ , ব্লক-এইচ ওয়ান, উওরা, ঢাকা। | সদস্য |
| ৩০। | সভাপতি,বাংলাদেশ নীট ম্যানুফ্যাকচারাস এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন, ২৩৩/১, বিবি রোড, প্রেস ক্লাব বিল্ডিং, নারায়নগঞ্জ-১৪০০। | সদস্য |
| ৩১। | সভাপতি, ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, ৩৮, টিপু সুলতান রোড, ঢাকা। | সদস্য |
| ৩২। | সভাপতি, বাংলাদেশ ফার্নিচার এসোসিয়েশন, বি/ ৭৭-৭৩ শপিং সেন্টার, গুলশান-১, ঢাকা। | সদস্য |
| ৩৩। | সভাপতি, জাতীয় শ্রমিক লীগ, ২৩ বি,বি এভিনিউ, ঢাকা। | সদস্য |
| ৩৪। | সভাপতি, জাতীয় শ্রমিক পার্টি, ৬৬ পাইনিয়ার রোড, কাকরাইল, ঢাকা। | সদস্য |
| ৩৫। | সভাপতি, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র ২৩/২, তোপখানা রোড (৪র্থতলা), ঢাকা। | সদস্য |
| ৩৬। | সভাপতি, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন সংঘ, ৮, বঙ্গবন্ধু এভিনিউ (৩য় তলা), ঢাকা। | সদস্য |
| ৩৭। | সভাপতি, এপিও সোসাইটি ফর বাংলাদেশ, মেজবাহ উদ্দিন প্লাজা, ৯১, নিউ সার্কুলার রোড, ঢাকা। | সদস্য |
| ৩৮। | পরিচালক, এনপিও, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা। | সদস্য-সচিব |

**পরিশিষ্ট - 'গ'**

**জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি**

| | | |
|---|---|---|
| ১। | সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, শিল্প মন্ত্রণালয় | সভাপতি |
| ২। | চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন | সদস্য |
| ৩। | চেয়ারম্যান, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন | সদস্য |
| ৪। | চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন | সদস্য |
| ৫। | চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশন | সদস্য |
| ৬। | চেয়ারম্যান, বাংলাদেশ বস্ত্রকল কর্পোরেশন | সদস্য |
| ৭। | চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন | সদস্য |
| ৮। | অতিরিক্ত সচিব(প্র:)/যুগ্ম-সচিব (প্রশাসন-২) শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৯। | ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন,রয়েল টাওয়ার ৪, পান্থপথ, ঢাকা-১২১৫। | সদস্য |
| ১০। | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ | সদস্য |
| ১১। | সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন | সদস্য |
| ১২। | সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ | সদস্য |
| ১৩। | সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ | সদস্য |
| ১৪। | সভাপতি,  ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ | সদস্য |
| ১৫। | সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) | সদস্য |
| ১৬। | সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন | সদস্য |
| ১৭। | সভাপতি,বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (বিডব্লিউসিসিআই),ঢাকা। | সদস্য |
| ১৮। | প্রেসিডেন্ট, এপিও সোসাইটি ফর বাংলাদেশ | সদস্য |
| ১৯। | সভাপতি, জাতীয় শ্রমিক লীগ | সদস্য |
| ২০। | সভাপতি, জাতীয় শ্রমিক পার্টি | সদস্য |
| ২১। | সভাপতি, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র | সদস্য |
| ২২। | পরিচালক, এনপিও | সদস্য-সচিব |

পরিশিষ্ট - 'ঘ'

## বস্ত্র শিল্প সেক্টরের উপদেষ্টা কমিটি

| | | |
|---|---|---|
| ১। | পরিচালক (পরিচালন)<br>বাংলাদেশ বস্ত্র শিল্প কর্পোরেশন<br>বিটিএমসি ভবন, ৭-৯, কওরান বাজার, ঢাকা। | সভাপতি |
| ২। | মহা-ব্যবস্থাপক (উৎপাদন)<br>বাংলাদেশ বস্ত্র শিল্প কর্পোরেশন<br>বিটিএমসি ভবন, ৭-৯, কওরান বাজার, ঢাকা। | সদস্য |
| ৩। | অধ্যক্ষ<br>টেক্সটাইল ইন্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেন্ট সেন্টার<br>নয়ার হাট, সাভার। | সদস্য |
| ৪। | সেক্রেটারি জেনারেল<br>বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন,<br>ইউনিক ট্রেড সেন্টার, লেভেল-৮,<br>৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা। | সদস্য |
| ৫। | সেক্রেটারি<br>বাংলাদেশ স্পেশালাইজড টেক্সটাইল মিলস এন্ড<br>পাওয়ারলুম ইন্ডাষ্ট্রিজ এসোসিয়েশন,<br>পল্টন টাওয়ার, ৮৭ পুরানা পল্টন লাইন, ঢাকা। | সদস্য |
| ৬। | সেক্রেটারি<br>বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড<br>এক্সপোর্টার্স এসোসিয়েশন,<br>২৩৩/১ বিবি রোড, প্রেসক্লাব বিল্ডিং (১ম তলা)<br>নারায়নগঞ্জ-১৪০০। | সদস্য |
| ৭। | সেক্রেটারি<br>বাংলাদেশ  টেরিটাওয়্যাল এন্ড লিলেন ম্যানুফ্যাকচারার্স,<br>পল্টন টাওয়ার(৫ম তলা)<br>৮৭, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০। | সদস্য |
| ৮। | সহ-সভাপতি<br>বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড<br>এক্সপোর্টার্স এসোসিয়েশন,<br>বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার, ঢাকা। | সদস্য |
| ৯। | পরিচালক<br>ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন, ঢাকা-১০০০ । | সদস্য |
| ১০। | যুগ্ম-পরিচালক<br>ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন, ঢাকা-১০০০ । | সদস্য-সচিব |
| ১১। | উর্দ্ধতন গবেষণা কর্তকর্তা<br>বস্ত্র শিল্প খাত,ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন,<br>শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা। | |

**পরিশিষ্ট - ‘ঙ’**

**ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পেশাজীবী ব্যক্তিবর্গ**

| | | |
|---|---|---|
| ১। | জনাব এস.এম. আশরাফুজ্জামান | পরিচালক(যুগ্ম-সচিব) |
| ২। | জনাব মোঃ নজরুল ইসলাম | যুগ্ম-পরিচালক (অঃদাঃ) |
| ৩। | জনাব এ,টি,এম, মোজাম্মেল হক | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা |
| ৪। | জনাব মুহাম্মদ আরিফুজ্জামান | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা |
| ৫। | জনাব মোঃ ফরিদ উদ্দিন | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা |
| ৬। | মোছাম্মৎ ফাতেমা বেগম | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা |
| ৭। | মোছাঃ আবিদা সুলতানা | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা |
| ৮। | জনাব মোঃ আমিনুল ইসলাম | সহকারী প্রোগ্রামার |
| ৯। | জনাব মোঃ রাজু আহম্মেদ | গবেষণা কর্মকর্তা |
| ১০। | জনাব রিপন সাহা | গবেষণা কর্মকর্তা |
| ১১। | মিসেস সুরাইয়া সাবরিনা | গবেষণা কর্মকর্তা |
| ১২। | জনাব মোঃ মেহেদী হাসান | গবেষণা কর্মকর্তা |
| ১৩। | জনাব মোঃ মনিরুজ্জামান | গবেষণা কর্মকর্তা |
| ১৪। | জনাব মোঃ আকিবুল হক | গবেষণা কর্মকর্তা |
| ১৫। | মিসেস নাহিদা সুলতানা রত্না | গবেষণা কর্মকর্তা (সিসি) |
| ১৬। | সৈয়দ জায়েদ-উল ইসলাম | গবেষণা কর্মকর্তা (সিসি) |
| ১৭। | জনাব ফিরোজ আহমেদ | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী |
| ১৮। | জনাব মো: রিপন মিয়া | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী |